



বাংলাদেশ ইনস্টিটিউট অব  
পার্লামেন্টারী স্ট্যাডিজ



Funded by  
the European Union

# জাতীয় বাজেট ২০২৪-২০২৫: সারসংক্ষেপ জ্বালানি ও বিদ্যুৎ



Finance Division, Ministry of Finance

**PFM Action Plan**

Component-12

Strengthen Parliamentary Oversight and Scrutiny of Public Expenditure



সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)  
Centre for Policy Dialogue (CPD)

বাজেট  
হেল্পডেস্ক  
২০২৪

## ১. প্রেক্ষাপট

জ্বালানি ও বিদ্যুৎ খাতের সম্প্রসারণ এবং নিরাপত্তা সংক্রান্ত অগ্রগতি বর্তমান সরকারের একটি অন্যতম অর্জন। অর্থনীতির মূল চালিকা শক্তির অংশ হিসেবে ইতোমধ্যে এ খাতের অভূতপূর্ব অগ্রগতি দেশের শিল্পোন্নয়ন, ব্যবসা বাণিজ্যের সম্প্রসারণ, কর্মসংস্থান সৃষ্টি এবং মাথাপিছু আয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। শতভাগ জনগোষ্ঠীকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনার পাশাপাশি বর্তমান সরকার পরিবেশবান্ধব জ্বালানি উৎপাদন এবং সম্প্রসারণের জন্য কাজ করে যাচ্ছে।


সরকার বিদ্যুৎ খাতের উন্নয়নে গুরুত্ব ও অগ্রাধিকার প্রদান করে এর উৎপাদন, সঞ্চালন ও বিতরণে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। ইতোমধ্যে সরকারের প্রতিশ্রুতি মোতাবেক শতভাগ জনগণকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনা হয়েছে এবং বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২০৩০ সালের মধ্যে ৪০ হাজার মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০ হাজার মেগাওয়াট উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। গ্রিড যুগোপযোগী করার মাধ্যমে বিদ্যুৎ সঞ্চালন লাইনের পরিমাণ ২৪ হাজার সার্কিট কিলোমিটারে উন্নীত করার পরিকল্পনা রয়েছে।

বিদ্যুৎ উৎপাদনের দীর্ঘমেয়াদী মহাপরিকল্পনার অংশ হিসাবে আঞ্চলিক ও উপ-আঞ্চলিক সহযোগিতা কার্যক্রমের আওতায় ২০৪১ সালের মধ্যে পার্শ্ববর্তী দেশসমূহ হতে প্রায় ৯ হাজার মেগাওয়াট বিদ্যুৎ আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং মোট বিদ্যুৎ উৎপাদনের ৪০ শতাংশ নবায়নযোগ্য জ্বালানি থেকে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গ্রিড আন্তঃসংযোগের মাধ্যমে ১ হাজার ১৬০ মেগাওয়াট বিদ্যুৎ ভারত হতে বাংলাদেশের জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। পাবনার ঈশ্বরদীতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এটি বাস্তবায়ন শেষে মোট ২ হাজার ৪০০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হবে। ২০৪১ সালের মধ্যে উন্নত, সমৃদ্ধ, স্মার্ট ও টেকসই বাংলাদেশ বিনির্মাণে নবায়নযোগ্য জ্বালানির গুরুত্ব বিবেচনায় এর উন্নয়ন ও ব্যবহার বৃদ্ধিকে উৎসাহিত করতে সরকার ২০২৪-২৫ অর্থবছরে ১০০ কোটি টাকা বিশেষ বরাদ্দের সিদ্ধান্ত নিয়েছে।

## ২. জ্বালানি ও বিদ্যুৎ খাতে ২০২৪-২৫ অর্থবছরে বাজেট প্রস্তাবনা


আসন্ন ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে জ্বালানি ও বিদ্যুৎ খাতের জন্য মোট বরাদ্দ প্রস্তাব করা হয়েছে ৩০ হাজার ৩১৭ কোটি টাকা, যা মোট বাজেটের ৩.৮ শতাংশ। চলতি ২০২৩-২৪ অর্থবছরে জ্বালানি ও বিদ্যুৎ খাতের জন্য বরাদ্দ রাখা হয়েছিল ৩৪ হাজার ৮১৯ কোটি টাকা, যা ছিল মোট বাজেটের ৪.৬ শতাংশ। পরবর্তীতে এই বরাদ্দ সংশোধন করে ২৮ হাজার ৩১৮ কোটি টাকা করা হয়, যা সংশোধিত মোট বাজেটের ৪.০ শতাংশ। উল্লেখ্য, আসন্ন ২০২৪-২৫ অর্থবছরের জ্বালানি ও বিদ্যুৎ খাতের এই বরাদ্দ চলমান অর্থবছরের সংশোধিত বরাদ্দের তুলনায় ৭.১ শতাংশ বেশি (লেখচিত্র ১)। এ খাতে প্রস্তাবিত বাজেটের ৯৯.৬ শতাংশ ধরা হয়েছে উন্নয়ন ব্যয় নির্বাহের জন্য (লেখচিত্র ২)।

**লেখচিত্র ১: বাজেটে জ্বালানি ও বিদ্যুৎ খাতে বরাদ্দ**



তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার ২০২৪-২৫, বিবরণী ২।

**লেখচিত্র ২: জ্বালানি ও বিদ্যুৎ খাতে ধরন ভিত্তিক (উন্নয়ন এবং পরিচালনা) বরাদ্দ প্রস্তাবনা**




তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার ২০২৪-২৫, বিবরণী ২।

### ৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে জ্বালানি ও বিদ্যুৎ খাতে বরাদ্দ

২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে জ্বালানি ও বিদ্যুৎ এবং খনিজ সম্পদ বিভাগে ৩০ হাজার ১৭৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, যার মধ্যে বিদ্যুৎ বিভাগের অংশ ৯৬.৭ শতাংশ (লেখচিত্র-৩)।

#### লেখচিত্র ৩: ২০২৪-২৫ অর্থবছরে জ্বালানি ও বিদ্যুৎ খাতে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ প্রস্তাবনা



তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার ২০২৪-২৫, বিবরণী ১০।

### ৪. উপসংহার

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং টেকসই উন্নয়নের জন্য বাজেটে জ্বালানি ও বিদ্যুৎ খাতে প্রয়োজনীয় বরাদ্দ এবং এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা অত্যন্ত জরুরী। নবায়নযোগ্য জ্বালানির উৎস বৃদ্ধি, জ্বালানি ও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার সংস্কার ও অবকাঠামোগত উন্নয়ন, জ্বালানির কার্যকর ব্যবহার এবং প্রত্যন্ত এবং গ্রামীণ এলাকায় বিদ্যুতের সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে জাতীয় বাজেটে উল্লেখযোগ্য বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। এ খাতের ব্যাপক সংস্কার এবং উন্নয়নের মাধ্যমে দেশে একটি টেকসই জ্বালানি খাত তৈরী করা সম্ভব, যা শিল্প খাতের বিকাশে সহায়তা করার পাশাপাশি জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়ন বৃদ্ধিতে সহায়ক হবে।